


(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত হবে)



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৯.২২.১৭৩২

তারিখ: ২৪ কার্তিক ১৪২৯
০৯ নভেম্বর ২০২২

বিষয় : জেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণের লক্ষ্যে কোভিড-১৯ পরীক্ষা সম্পন্ন করা, আমন্ত্রণপত্র সংগ্রহ, বিতরণ নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ নভেম্বর ২০২২ তারিখ, সোমবার, বেলা ১২.০০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, শেরে বাংলানগর, ঢাকায় ৫৯টি জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী নির্বাচিত চেয়ারম্যানগণকে এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নির্বাচিত সদস্যবৃন্দকে শপথবাক্য পাঠ করাবেন।

২। সকল জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তার কোভিড-১৯ পরীক্ষার জন্য আগামী ১২ নভেম্বর ২০২২ তারিখ, শনিবার, সকাল ০৮.০০টা হতে ঢাকার কাকরাইলস্থ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নমুনা সংগ্রহ করা হবে। একই দিনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কার্যালয় হতে শপথ অনুষ্ঠানের সকল আমন্ত্রণপত্র বিতরণ করা হবে।

৩। এমতাবস্থায়, কোভিড-১৯ পরীক্ষার নমুনা প্রদানের জন্য আগামী ১২ নভেম্বর ২০২২ তারিখ সকাল ০৮.০০টায় ঢাকার কাকরাইলস্থ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সকল জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। সংশ্লিষ্ট প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে উপস্থিত থেকে চেয়ারম্যান, সদস্যবৃন্দসহ তাঁদের কোভিড-১৯ পরীক্ষার নমুনা প্রদান ও আমন্ত্রণপত্র সংগ্রহ করবেন। উক্ত পরীক্ষার ফলাফল (৩ সেট) আগামী ১৩ নভেম্বর ২০২২ তারিখ সকাল ১০.০০টার মধ্যে সংগ্রহপূর্বক স্থানীয় সরকার বিভাগের জেলা পরিষদ শাখায় দাখিল করতে হবে।

৫। শপথ অনুষ্ঠানের আমন্ত্রণপত্র চেয়ারম্যান ও সদস্যবৃন্দের অনুকূলে যথাযথভাবে বিতরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বিষয়টি অতীব জরুরি।


এস এম নজরুল ইসলাম

উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা

..... জেলা পরিষদ (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।